223

দৈনিক জনকণ্ঠ

তারিখ MAR. 1 2 1999
পৃষ্ঠা 2 কলাম 9

# মুহসীন হলে গোলাগুলি ॥ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতিবাদ

দৈনিক জনকণ্ঠে গত ১১ মার্চ প্রকাশিত "ঢাবি মুহসীন হলে ব্যাপক গোলাগুলি ॥ বহিরাগত ক্যাডার গুরুতর আহত", শীর্ষক সংবাদটির বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভিন্নমত প্রকাশ করেছে।

গতকাল বৃহস্পতিবার প্রদত্ত এক লিখিত বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়—মুহসীন হলে বুধবার রাতে গোলাগুলি এবং বহিরাগত ক্যাডার আহত হওয়া বিষয়ক প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ ভিত্তিহীন। তারা আরও জানায়—মুহসীন হলে কোন বহিরাগত অবস্থান করে না। বর্তমানে এ হলসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য হলেও শান্ত অবস্থা বিরাজ করছে।

মুহসীন হল শাখা ছাত্রলীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকও অপর এক চিঠিতে জনকণ্ঠে প্রকাশিত সংবাদের প্রতিবাদ করেছেন। তাঁরা বলেছেন, সে রাতে হলে আদৌ গোলাগুলির কোন ঘটনা ঘটেনি।